অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/11/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো আবাসন সরবরাহকারী কর্তৃক সহায়ক প্রাণী সহ প্রতিবন্ধী ব্যক্তিদের প্রতি বৈষম্যমূলক আচরণ নিষিদ্ধ করার আইনে স্বাক্ষর করেছেন।

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ আবাসন সরবরাহকারী কর্তৃক এমন ব্যক্তিদের প্রতি বৈষম্যমূলক আচরণ নিষিদ্ধ করার আইনে (S6172/A7331) স্বাক্ষর করেছেন যারা তাদের প্রতিবন্ধকতার লক্ষণসমূহের উন্নতিতে একটি প্রাণীর উপর নির্ভরশীল। আবাসন সরবরাহকারীদের এখন একটি সহায়ক প্রাণীকে এমন একটি বাড়িতে থাকার অনুমতি দিয়ে একটি যুক্তিসঙ্গত বাসস্থান প্রদান করতে হবে যা অন্যথায় পোষা প্রাণীদের নিষিদ্ধ করে।

"নিউ ইয়র্কবাসীরা কোন ধরনের বৈষম্য সহ্য করে না এবং এই পদক্ষেপ আমাদের মধ্যে সবচেয়ে অসুরক্ষিত কিছু মানুষকে রক্ষা করবে যাদের দৈনন্দিন জীবনযাপন করার জন্য একটি সহায়ক প্রাণীর প্রয়োজন," **গভর্নর কুওমো বলেন।** "এই আইনের মাধ্যমে, আমরা সবার জন্য একটি শক্তিশালী, নিরপেক্ষ এবং আরো সহানুভূতিশীল নিউ ইয়র্কের নিশ্চয়তা দিতে এক ধাপ এগিয়ে যাচ্ছি।"

মানবাধিকার দপ্তর যথাযথ পরিস্থিতিতে খুঁজে পেয়েছে যেখানে একটি সরবরাহকারীর "পোষা প্রাণী রাখা যাবে না" নীতিতে এই ধরনের বাসস্থানের অনুমতি দেওয়া যুক্তিসঙ্গত, যেখানে চিকিৎসা সংক্রান্ত প্রমাণ বা অন্যান্য পেশাগত প্রমাণ দেখায় যে প্রাণীটি প্রতিবন্ধী ব্যক্তির উপসর্গ বা প্রভাব উপশম করে প্রতিবন্ধী ব্যক্তিকে সাহায্য করে।

সিনেটর মনিকা আর. মার্টিনেজ বলেন, "আমি গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাতে চাই এই গুরুত্বপূর্ণ আইনে স্বাক্ষর করার জন্য যা প্রতিদিন মানসিক সমর্থন এবং/অথবা সান্ত্বনা প্রদানের জন্য একটি প্রাণীর উপর নির্ভরশীল ব্যক্তিদের অধিকার রক্ষা করবে। যেকোন প্রতিবন্ধকতার ভিত্তিতে বৈষম্য করা মানবতা বিরুদ্ধ আচরণ এবং কারও এই ধরনের আচরণের শিকার হওয়া অনুচিত, বিশেষ করে নিজেদের বাড়ির সীমানার মধ্যে। যারা এই প্রাণী ব্যবহার করে তারা তাদের শারীরিক, আবেগগত এবং মানসিক স্বাস্থ্যের সামগ্রিক কল্যাণের জন্য এটা করে। আমি আশা করি এই আইন ব্যক্তিদের স্বস্তি এনে দেবে এই ভেবে যে তারা এখন সুরক্ষিত। "

এসেম্বলি সদস্য এরিক এম. ডিলান বলেন, "আমি গভর্নর কুওমো এবং নিয় ইয়র্ক স্টেট মানবাধিকার দপ্তরকে ধন্যবাদ জানাতে চাই প্রতিবন্ধী নিউ ইয়র্কবাসীদের জন্য এই গুরুত্বপূর্ণ আইনের

জন্য। এই নতুন আইন প্রতিবন্ধীদের অধিকার স্পষ্ট করবে যদি তাদের প্রাণী উপসর্গ দূর করার জন্য চিকিৎসাগতভাবে উপকারী প্রমাণিত হয়। সৌভাগ্যক্রমে এটা আর বিচার বিভাগের জন্য একটি অস্পষ্ট পরিস্থিতি হবে না যার সমাধান তাদের করতে হবে।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন